



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, তোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৫১২

তারিখঃ ০৫/০৩/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ কমিটির চারজন অভিভাবক সদস্য, দাতা সদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য স্বাক্ষরিত একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে জামালপুর জেলার সদর উপজেলাধীন “আর কে ডি এইচ বালিকা উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে কতিপয় অভিযোগ পাওয়া গিয়েছে যা নিম্নরূপঃ

- ১) সভাপতি বিদ্যালয়ের অভিভাবক সদস্যদের কারো সাথে কোন প্রকার যোগাযোগ না করে একাই সকল সিদ্ধান্ত নেন;
- ২) সভাপতি শিক্ষক প্রতিনিধিদের সাথে মতবিনিময় না করেই সিদ্ধান্ত গ্রহণ করেন। কোন প্রকার মতের পার্থক্য হলেই বাজে আচরণ করেন;
- ৩) চাকুরী দিবে বলে একাধিক লোকের কাছ থেকে অনেক টাকা আত্মসাৎ করেছেন যা মামলা পর্যায়ে গড়িয়েছে;
- ৪) বিদ্যালয়ের মিটিং এর বিষয়ে তাঁর সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন তাঁর মিটিং করার মতো সময় নেই;
- ৫) অত্র বিদ্যালয়ের অধীনস্থ এলাকায় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ না করে একাধিকবার বিতর্ক তৈরি করেছেন যা বিদ্যালয়ের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে;
- ৬) সভাপতি বদমেজাজী, নারীলোভী ও ঘুষ লেনদেনের কারণে চাকুরী জীবনে কখনো পদোন্নতি পাননি;
- ৭) সরকারের প্রতি বছর বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ কার্যক্রম অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমরা সকলে তাঁকে অনুরোধ করলে তিনি ইচ্ছাকৃতভাবে উক্ত অনুষ্ঠানে অনুপস্থিত থাকেন;

এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক এ পত্র ইস্যুর তারিখ হতে ১০(দশ) কার্য দিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক-১ঃ ড. মোঃ দিদারুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

প্রাপক-২ঃ জনাব রফিকুল ইসলাম  
সহকারি বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ১১২ (৫)


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

তারিখঃ ০৫/০৩/২০২৩খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। সভাপতি, ম্যানেজিং কমিটি, আর কে ডি এইচ বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, জামালপুর।
- ৪। প্রধান শিক্ষক, আর কে ডি এইচ বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, জামালপুর।
- ৫। অফিস কপি।

  
০৫/০৩/২০২৩  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

